গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ শ্রাবণ ১৪০৮/১৯ জুলাই ২০০১

**নং মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৯০**—দেশের দৈনন্দিন আইন-শৃঙ্খলার পরিস্থিতি ও বিশেষ করিয়া বেআইনি অস্ত্রের উদ্ধার অভিযান তত্ত্বাবধান এবং এই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে প্রধান উপদেষ্টাকে পরামর্শ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করিয়াছেন ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মেজর জেনারেল মইনুল হোসেন চৌধুরী, বীর বিক্রম (অবসরপ্রাপ্ত), উপদেষ্টা | আহ্বায়ক |
| (২) | জনাব এ, এস, এম, শাহজাহান, উপদেষ্টা | সদস্য |
| (৩) | জনাব আব্দুল মুয়ীদ চৌধুরী, উপদেষ্টা | সদস্য |

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২১ শ্রাবণ ১৪০৮/৫ আগস্ট ২০০১

**নং মপবি/শাঃপাঃ/মসকগ/৯৬/১১২**—মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ জুলাই, ২০০১ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৮৭ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদসমূহের পরিশিষ্ট-'গ'-"জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)" এর নির্বাহী কমিটির কার্যপরিধির গ(২) উপানুচ্ছেদে "পুরাতন পদ্ধতি অনুসারে প্রক্রিয়াকৃত (পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত) ৫.০০ (পাঁচ) কোটির টাকার উর্ধ্বে ব্যয় সম্বলিত উন্নয়ন প্রকল্পসমূহ বিবেচনা ও অনুমোদন"-বাক্যটির স্থলে "সরকারী খাতে ১০.০০ (দশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত উন্নয়ন প্রকল্পে প্রাক-একনেক সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন"-বাক্যটি প্রতিস্থাপন করা হইল।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব
কমিটি ও উন্নয়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ আগষ্ট ২০০১/৫ ভাদ্র ১৪০৮

নং মপবি/শাঃপঃ/কপগ-৫/২০০১/১৩০—দেশব্যাপী আর্সেনিক সমস্যার ব্যাপকতার প্রেক্ষিতে এবং এর নিরসনে বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ এবং সমন্বিত জাতীয় কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) সচিব,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(২) সচিব, কৃষি মন্ত্রণালয়

(৩) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৪) সদস্য (কার্যক্রম ও আর্থ -সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(৬) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

(৭) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(৮) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৯) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(খ) **কামিটির কার্যপরিধি ঃ**

(১) আর্সেনিক দূষণ নিরসন ও প্রতিরোধ সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটিকে সার্বিকভাবে আর্সেনিক সমস্যা মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় নীতিগত সিদ্ধান্ত গ্রহণে পরামর্শ দান ও দেশে পরিচালিত আর্সেনিক সম্পর্কীয় সকল কর্মকান্ড বিষয়ে উক্ত কমিটিকে অবহিত রাখা;

(২) দেশব্যাপী আর্সেনিক দূষণ সমস্যার ব্যাপকতার প্রেক্ষিতে এর নিরসনে বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে উপদেশ-পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান এবং ক্রমান্বয়ে একটি সমন্বিত ও পূর্ণাঙ্গ জাতীয় প্রোগ্রামের রূপরেখা প্রণয়ন ও পরিকল্পিতভাবে ইহার বাস্তবায়নে যথাযথ ভূমিকা পালন;

(৩) আর্সেনিক সমস্যা নিরসনে সমন্বিত জাতীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন বিষয়ে জাতীয় স্টিয়ারিং কমিটিকে সুপারিশ প্রদান;

(৪) দেশে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক গৃহীত আর্সেনিক সমস্যা নিরসন সংক্রান্ত কর্মকান্ডের সমন্বয় সাধন;

(৫) আর্সেনিক সংক্রান্ত প্রাসঙ্গিক বিভিন্ন বিষয়ে সরকারকে উপদেশ/পরামর্শ দানের জন্য দেশের সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের নিয়ে গঠিতব্য বিশেষজ্ঞ কমিটির গঠন ও কার্যপরিধি প্রণয়ন; এবং

(৬) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

২। কমিটি প্রয়োজনবোধে অন্য যে কাহারও উপদেশ-পরামর্শ গ্রহণ করিতে পারিবে বা অন্য কাউকে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৩। কমিটির সংশ্লিষ্ট বৈঠকে উপস্থিত সবচেয়ে জ্যেষ্ঠ সচিব উক্ত বৈঠকে সভাপতিত্ব করিবেন। স্থানীয় সরকার সচিব কমিটির সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৪। কমিটি প্রয়োজনানুযায়ী বৈঠকে মিলিত হইবে;

৫। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১-৮-১৯৯৭ তারিখের জনস্বাস্থ্য-২/পরিবেশ/আর্সেনিক ১/৯৭/৩৮৭ নম্বর স্মারকে জারীকৃত পলিসি ওয়ার্কিং গ্রুপ (সচিব কমিটি) সম্পর্কিত প্রজ্ঞাপন এতদ্বারা গণ্য হইবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ আগষ্ট ২০০১/১৫ ভাদ্র ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ/২০০১/১৩৬**—The Special Security Force Ordinance, 1986-এর sub-section 2(d)-এর আওতায় কোন ব্যক্তিকে Very Important Person ঘোষণা করিবার বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে সুপারিশ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্তভাবে একটি উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন** ঃ

(১) বিচারপতি বি, বি, রায় চৌধুরী, উপদেষ্টা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। .. আহ্বায়ক

(২) জনাব এ, এস, এম শাহজাহান, উপদেষ্টা, শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। .. সদস্য

(৩) বেগম রোকেয়া আফজাল রহমান, উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক, সমাজকল্যাণ, শ্রম ও কর্মসংস্থান এবং সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়। .. সদস্য

(খ) **সহায়তা প্রদানকারী কর্মকর্তাগণ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) সচিব, প্রধান উপদেষ্টাল কার্যালয়

(৪) সচিব, অর্থ বিভাগ

২। কমিটি যথাশীঘ্র সুপারিশ প্রদান করিবে। কমিটির সুপারিশ মন্ত্রিপরিষদ বিভাগ সরাসরি উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপন করিবে।

৩। প্রধান উপদেষ্টার কার্যালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ সেপ্টেম্বর ২০০১/২৮ ভাদ্র ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/১৪৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ জুলাই, ২০০১ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৮৭ নম্বর প্রজ্ঞাপন মূলে গঠিত সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটিতে তথ্য, গৃহায়ন ও গণপূর্ত, খাদ্য, পরিবেশ ও বন এবং ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা জনাব আব্দুল মুয়ীদ চৌধুরীকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে ঃ

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ অক্টোবর ২০০১/২ কার্তিক ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৭৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহ পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) সরকারী ক্রয় সংক্রান্ত মন্তিসভা কমিটি;

(খ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(গ) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);

(ঘ) জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি);

(ঙ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(চ) আইন শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং

(ছ) বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপরিউক্ত মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের গঠন, সহায়তাদানকারী কর্মকর্তাগণ, কমিটির কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট 'ক' হইতে 'ছ'-তে প্রদত্ত হইল।

৩। মন্তিসভা কমিটি/পরিষদসমূহের বৈঠকের কার্যবিবরণী অনুমোদিত হইবার তিন দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইহার অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (অনুবিভাগ-৪) প্রেরণ করিতে হইবে।

৪। মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভা সভায় পেশ করিবার প্রয়োজন, তাহা মন্ত্রিসভায় পেশ করিতে হইবে। মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৫। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি/পরিষদসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

**সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি**

**(ক) কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ সাইফুর রহমান, মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | ডাঃ এ, কিউ, এম বদরুদ্দোজা চৌধুরী, মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | ইঞ্জিনিয়ার এল কে সিদ্দিকী, মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | জনাব আমীর খসরু মাহমুদ চৌধুরী, মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | জনাব এ, কে, এম, মোশাররফ হোসেন, প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | .. | সদস্য |
| (৮) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | .. | সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) কমিটির কার্যপরিধি

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর/আধা-সরকারী সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) পরামর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্ধের) পুনঃ দরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

(ঘ) কমিটির বৈঠক প্রতি মাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট-খ**

**অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি**

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, অর্থমন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | .. | সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৪) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৫) সচিব, অর্থ বিভাগ

(৬) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৮) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(৯) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(১০) গভর্ণর,বাংলাদেশ ব্যাংক

(১১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক অর্থ ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;

(২) মন্ত্রিসভার উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত প্রস্তাব/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন;

(ক) বাণিজ্য নীতি (আমদানী নীতি; রপ্তানী নীতি প্রভৃতিসহ)।

(খ) শিল্পনীতি।

(গ) বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলী।

(৩) ব্যাংক, বীমা ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

(৪) বিভিন্ন সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য ভর্তুকি সংক্রান্ত বিষয়াদি।

(ঘ) মন্ত্রিসভা কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

**(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।**

**(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।**

**পরিশিষ্ট-গ**

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী | চেয়ারপারসন |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণারয় | বিকল্প-চেয়ারম্যান |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, পরিকল্পনা বিভাগ

(৬) সচিব,বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ

(৭) সদস্য (সা/অ), পরিকল্পনা কমিশন

(৮) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন

(৯) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) **নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের প্রকল্প সারপত্র বিবেচনা ও অনুমোদন।

(২) সরকারী খাতে ১০.০০ (দশ) কোটি টাকার উর্দ্ধে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রাক-একনেক সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন।

(৩) উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

(৪) বেসরকারী উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণে বিনিয়োগ কোম্পানী সমূহের প্রস্তাব বিবেচনা।

(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয় সমূহ পর্যালোচনা।।

(৬) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ উহাদের আর্থিক ফলাফল বিবেচনা।

(৭) সরকারী সংস্থা সমূহের উৎপন্ন দ্রব্যের মূল্যে ও জনসেবামূলক সার্ভিস সমূহের রেট, ফিস ইত্যাদি বিবেচনা।

(৮) বৈদেশিক সাহায্য, বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানী বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রাসমূহের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট-গ**

**জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)**

**(ক) পরিষদের গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) প্রধানমন্ত্রী | .. | চেয়ারপারসন |
| (২) মন্ত্রিসভার সকল সদস্য। | .. | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ

(৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(৪) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

**(গ) পরিষদের কার্যপরিধি ঃ**

(১) পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং অর্থনৈতিক কর্মপন্থা (পলিসি) নিরূপণের প্রাথমিক পর্যায়ে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;

(২) পলিকল্পনা, কর্মসূচী এবং কর্মপন্থার চূড়ান্তকরণ এবং অনুমোদন প্রদান;

(৩) উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ ; এবং

(৫) জাতীয় অর্থনৈতিক পরিষদের দায়িত্ব পালনে সহায়ক বিবেচিত যে কোন কমিটি গঠন।

(ঘ) পরিষদের বৈঠক প্রতি মাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট-ঙ**

**জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ঃ**

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |

**(গ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, অর্থ বিভাগ

(৩) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়

(৬) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৭) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করা;

(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমমূল্যায়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান;

(৩) নূতন ধরনের কোন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা;

(ঘ) কমিটির বৈঠকে প্রতি মাসে একবার এবং প্রয়োজন অনুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট-চ

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

**(ক) কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও মুল্যায়ন।

(২) যেই কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটিতে পারে সেই কারণগুলি পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণপূর্বক ভবিষ্যতে এইগুলি দূরীকরণকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(৩) হরতাল, ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এইগুলির ফলে জনজীবনে যে দুর্যোগ ও অচল অবস্থার সৃষ্টি হয় তাহা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সীগুলির করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান।

(৪) উপরিউক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনয়ি পরামর্শ ও সুপারিশ প্রদান।

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট-ছ

বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) কমিটির গঠন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, অর্থ বিভাগ

(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষ্যে অনিষ্পন্ন কেইসসমূহের পুনর্বিবেচনা;

(২) বেতন স্কেলের ব্যত্যয় (Anomaly) দূরীকরণ/বেতন স্কেল পুনঃনির্ধারণ সংক্রান্ত কেইসসমূহ পরীক্ষা করা; এবং

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয় পরীক্ষা করা।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ অক্টোবর ২০০১/৩ কার্তিক ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৮১**—মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ১৭-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১-১৭৯-এর পরিশিষ্ট 'ক'-এ উল্লেখিত "সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি"-র গঠন নিম্নরূপভাবে সংশোধন করা হইল ঃ

(ক) কমিটির গঠন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | .. | সদস্য |
| (৮) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | .. | সদস্য |

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলওয়ার হোসেন
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ অক্টোবর ২০০১/১০ কার্তিক ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-৭/২০০১/১৯৪**—বিগত সরকারের সময় রাজনৈতিক কারণে হয়রানি করিবার জন্য যে সকল ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে, সেই সকল মামলা পর্যালোচনা করিয়া যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |

২। কমিটি আগামী এক মাসের মধ্যে মন্ত্রিসভার বিবেচনার জন্য সুপারিশ পেশ করিবে।

৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ অক্টোবর ২০০১/১৩ কার্তিক ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-৮/২০০১/১৯৬**—প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের কার্যবন্টন ও তদসংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | .. | সদস্য |

২। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সুপারিশসহ বিষয়টি মন্ত্রিসভার বিবেচনার জন্য উপস্থাপন করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ অক্টোবর ২০০১/১৬ কার্তিক ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১০/২০০১/২০০**—রপ্তানি বাণিজ্য উৎসাহিত করিবার লক্ষ্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ক্ষেত্রে করণীয় বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | .. | সদস্য |

২। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটির সকল সিদ্ধান্ত প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ নভেম্বর ২০০১/৩০ কার্তিক ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১১/২০০১/২১৬**—জনপ্রশাসন সংস্কার কমিশন-এর অবাস্তবায়িত সুপারিশসমূহ পর্যালোচনার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | .. | আহ্বায়ক |
| (২) | মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | .. | সদস্য |
| (৩) | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | .. | সদস্য |
| (৬) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ | .. | সদস্য |

২। কমিটি তিন মাসের মধ্যে প্রতিবেদন প্রদান করিবে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ নভেম্বর ২০০১/৬ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/২১৯**—মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ১৭-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১-১৭৯-এর পরিশিষ্ট 'খ'-এ উল্লেখিত "অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি"র সহায়তাদানকারী কর্মকর্তাগণের ক্রমঃতালিকা নিম্নরূপভাবে সংশোধন করা হইল ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৮) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৯) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(১০) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(১১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ নভেম্বর ২০০১/১৪ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১২/২০০১/২২৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'এনজিওসমূহের কার্যক্রম এবং এই সম্পর্কিত প্রচলিত আইন ও বিধি-বিধান পর্যালোচনা' করিয়া সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |

২।প্রধানমন্ত্রীর কার্যালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে। কমিটি যথাশীঘ্র সরকারের নিকট সুপারিশ পেশ করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ নভেম্বর ২০০১/১৪ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১২/২০০১/২২৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জলমহল ইজারা প্রদান সংক্রান্ত বিদ্যমান নীতিমালা পর্যালোচনা' করিয়া সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, মৎস্য ও পশুসম্পদ সম্পদ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | .. | সদস্য |

২। প্রধানমন্ত্রীর কার্যালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে। কমিটি যথাশীঘ্র সরকারের নিকট সুপারিশ পেশ করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ নভেম্বর ২০০১/১৪ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১২/২০০১/২২৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'ভোক্তাস্বার্থ/অধিকার সংরক্ষণ আইন'-এর খসড়া পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | .. | আহ্বায়ক |
| (২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | .. | সদস্য |
| (৬) | সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |

২। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে। কমিটি এক মাসের মধ্যে প্রতিবেদন প্রণয়ন করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**
তারিখ, ১ ডিসেম্বর ২০০১/১৭ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/২৩২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ১৭-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৭৯ মূলে গঠিত 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৭) | প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, অর্থ বিভাগ

(৩) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৪) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণঅলয়

(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়

(৬) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৭) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ ডিসেম্বর ২০০১/১৯ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১০/২০০১/২৩৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ৩-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/কপগ-১০/২০০১/২০০ মূলে গঠিত 'রপ্তানি বাণিজ্য উৎসাহিত করিবার লক্ষ্যে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ক্ষেত্রে করণীয় বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণের জন্য মন্ত্রিসভা কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) মন্ত্রী,নৌ-পরিবহন মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) মন্ত্রী,পররাষ্ট্র মন্ত্রণালয় | .. | সদস্য |

২। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটির সকল সিদ্ধান্ত প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ ডিসেম্বর ২০০১/১৯ অগ্রহায়ণ ১৪০৮

নং মপবি/শাঃপঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/২৩৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ১৭-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৭৯ মূলে গঠিত এবং ১৮-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৮১ মূলে সংশোধিত 'সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'' নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় .. আহ্বায়ক

(২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় .. সদস্য

(৩) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় .. সদস্য

(৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় .. সদস্য

(৫) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় .. সদস্য

(৬) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় .. সদস্য

(৭) প্রতিমন্ত্রী, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় .. সদস্য

(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী .. সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(৭) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) কমিটির কার্যপরিধি ঃ

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধঃস্তন দপ্তর আধা-সরকারী সংস্থা/স্বায়ত্তশাসিত সংস্থা/রাষ্ট্রীয়কৃত শিল্প কর্তৃক প্রদত্ত এককভাবে পঁচিশ কোটটি টাকার উর্দ্ধে ক্রয় এবং চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) পরমর্শক সার্ভিস (কনসালট্যান্সি সার্ভিসেস) সংক্রান্ত পাঁচ কোটি টাকার উর্দ্ধের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত অংকের টাকার (অর্থাৎ যথাক্রমে ২৫ কোটি ও ৫ কোটি টাকার উর্দ্ধে) পুনঃ দরপত্র আহ্বানের পুনর্বিবেচনা সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

(৪) সরকারের বিভিন্ন সংস্থার অনুসৃত দরপত্র আহ্বান পদ্ধতির পর্যালোচনা এবং পরিবীক্ষণ।

(ঘ) কমিটির বৈঠক প্রতিমাসে একবার এবং প্রয়োজনানুসারে আরও স্বল্প সময়ের ব্যবধানে অনুষ্ঠিত।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির উপর অর্পিত কাজের অগ্রগতি পরিবীক্ষণ করিবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ ডিসেম্বর ২০০১/১৯ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২(অংশ-১)/২০০১/২৩৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত গত ১৭-১০-২০০১ তারিখের প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/২০০১/১৭৯ মূলে গঠিত বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় .. আহ্বায়ক

(২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় .. সদস্য

(৩) মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় .. সদস্য

(৪) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় .. সদস্য

(৫) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় .. সদস্য

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব অর্থ বিভাগ

(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষ্যে অনিষ্পন্ন কেইসসমূহের পুনর্বিবেচনা;

(২) বেতন স্কেলের ব্যত্যয় (Anomaly) দূরীকরণ/বেতন স্কেল পুনঃনির্ধারণ সংক্রান্ত কেইসমূহ পরীক্ষা করা; এবং

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয় পরীক্ষা করা।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ ডিসেম্বর ২০০১/২১ অগ্রহায়ণ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-১৫/২০০১/২৪১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ পরীক্ষা করিয়া উহার প্রয়োজনীয় সংশোধনের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ একটি মন্ত্রিসভা কমিটি' গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | .. | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৩) | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৪) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৫) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | .. | সদস্য |

২। কমিটি যথাশীঘ্র সম্ভব উহার প্রতিবেদন প্রদান করিবে।

৩। স্থানীয় সরকার বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির প্রতিবেদনসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভার বিবেচনার জন্য পেশ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ ডিসেম্বর ২০০১/৯ পৌষ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/কপগ-৮/২০০১/২৫১**—মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২৮ অক্টোবর,২০০১ তারিখে জারীকৃত নং মপবি/শাঃপঃ/কপগ-৮/২০০১/১৯৬ প্রজ্ঞাপনের মাধ্যমে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের কার্যবন্টন ও তদসংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করিয়া সুপারিশ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি মন্ত্রিসভা কমিটি' গঠন করে। উক্ত প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদে বর্ণিত "মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সুপারিশসহ বিষয়টি মন্ত্রিসভার বিবেচনার জন্য উপস্থাপন করিবে" বাক্যটির পরিবর্তে "মন্ত্রিপরিষদ বিভাগ বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রীর বিবেচনার জন্য উপস্থাপন করিবে" বাক্যটি প্রতিস্থাপন করা হইল।

২। কমিটির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ডিসেম্বর ২০০১/১২ পৌষ ১৪০৮

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২/৯৯/২৫৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠাকল্পে আইন প্রণয়ন সম্পর্কে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

(১) ব্যারিস্টার মওদুদ আহমেদ, মন্ত্রী,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় .. আহ্বায়ক

(২) জনাব আবদুল মান্নান ভূঁইয়া, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় .. সদস্য

(৩) ডঃ খন্দকার মোশাররফ হোসেন, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় .. সদস্য

(৪) ব্যারিস্টার নাজমুল হুদা,মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় .. সদস্য

(৫) জনাব এম শামসুল ইসলাম, মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় .. সদস্য

(৬) জনাব এম কে আনোয়ার, মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় .. সদস্য

(৭) ডঃ আব্দুল মঈন খাঁন, মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় .. সদস্য

(৮) ব্যারিস্টার মোঃ আমিনুল হক, মন্ত্রী,ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় .. সদস্য

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) মানবাধিকার কমিশন সংক্রান্ত অন্যান্য দেশের আইন ও দেশের বিদ্যমান বাস্তবতা পর্যালোচনা করিয়া খসড়া আইন সম্পর্কে সুপারিশ প্রদান;

(২) সরকার মানবাধিকার কমিশন গঠনের প্রস্তাব উপস্থাপিত খসড়ার ধারাগুলি ঠিক আছে কিনা তাহা পর্যালোচনা করা;

(৩) কমিশন কর্তৃক সকল শুনানী উন্মুক্ত হইবে এইরূপ বিধান করা প্রয়োজন আছে কিনা তাহা পরীক্ষা করা।

২। মন্ত্রিসভা কমিটির প্রয়োজনবোধে অন্য কোন মন্ত্রীকে উহার বৈঠকে অংশগ্রহণের জন্য বৈঠকে আমন্ত্রণ করিতে পারিবে।

৩। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির সুপারিশসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভা বৈঠকে পেশ করিবে।

৪। এতদ্বারা এই সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের গত ২২-৪-১৯৯৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং মপবি/শাঃপঃ/মসকগ-২/৯৯/৬১ এ গঠিত কমিটি বাতিল করা হইল।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**

যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ই মার্চ ২০০০/২৫শে ফাল্গুন ১৪০৬

নং মপবি/শাঃপঃ/মসকগ/২০০০/২৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত মন্ত্রিসভা কমিটি/পরিষদ পুনর্গঠন করিয়াছে ঃ

(ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

(খ) আইন-শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(গ) বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

২। উপরিউক্ত মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের গঠন সহায়তাকারী কর্মকর্তাগণ, কমিটির কার্যপরিধি (Terms of Reference) এবং সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট ক হইতে গ এ প্রদত্ত হইল।

৩। মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের বৈঠকের কার্যবিবরণী অনুমোদিত হইবার ৩ (তিন) দিনের মধ্যে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ইহার অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (অনুবিভাগ-৪) প্রেরণ করিতে হইবে।

৪। মন্ত্রিসভা কমিটি/পরিষদসমূহের যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্ত চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করিবার প্রয়োজন, তাহা মন্ত্রিসভায় পেশ করিতে হইবে। মন্ত্রিসভা কমিটিসমূহের অন্যান্য সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

৫। উপরিউক্ত কোন কমিটিতে পদাধিকারবলে কোন মন্ত্রণালয়ের মন্ত্রী অন্তর্ভুক্ত থাকিলে এবং সাময়িকভাবে উক্ত মন্ত্রণালয়ের কোন মন্ত্রী নিয়োজিত না থাকিলে মন্ত্রী নিয়োজিত না হওয়া পর্যন্ত ঐ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী (যদি থাকেন) সংশ্লিষ্ট কমিটির বৈঠকে উক্ত মন্ত্রণালয়ের মন্ত্রীর প্রতিনিধিত্ব করিতে পারিবেন।

৬। এতদসংক্রান্ত পূর্বে গঠিত কমিটি/পরিষদসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ দেলওয়ার হোসেন
যুগ্ম-সচিব।

**পরিশিষ্ট-ক**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

(ক) **কমিটির গঠন ঃ**

**চেয়ারপারসন**

(১) প্রধানমন্ত্রী

**বিকল্প চেয়ারম্যান**

(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩) মন্ত্রী, স্থানীয় সরকার, বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(৪) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
(৫) মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়
(৬) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
(৭) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়
(৮) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়
(৯) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
(১০) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়
(১১) মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
(১২) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়
(১৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(খ) নির্বাহী কমিটির সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৪) সচিব, অর্থ বিভাগ।

(৫) সচিব, পরিকল্পনা বিভাগ।

(৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(৭) সদস্য (সা/অ) পরিকল্পনা কমিশন।

(৮) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন।

(৯) সদস্য (ভৌত-অবকাঠামো), পরিকল্পনা কমিশন।

(১০) সদস্য (শিল্প ও শক্তি), পরিকল্পনা কমিশন।

(১১) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

(গ) নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ

(১) সকল বিনিয়োগ প্রকল্পের প্রকল্প সারপত্র বিবেচনা ও অনুমোদন।

(২) সরকারী খাতে ১০,০০(দশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সম্বলিত প্রকল্পে প্রাক-একনেক সভার সুপারিশক্রমে বিবেচনা ও অনুমোদন।

(৩) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

(৪) বেসরকারী উদ্যোগ যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণে বিনিয়োগ কোম্পানীসমূহের প্রস্তাব বিবেচনা।

(৫) অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ ও দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও সংশ্লিষ্ট নীতি নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা।

(৬) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলী বিশেষতঃ উহাদের আর্থিক ফলাফল বিবেচনা।

(৭) সরকারী সংস্থাসমূহের উৎপন্ন দ্রব্যের মূল্যে ও জনসেবামূলক সার্ভিসসমূহের রেট, ফিস ইত্যাদি বিবেচনা।

(৮) বৈদেশিক সাহায্য, বাণিজ্য সম্প্রসারণ ও জনশক্তি রপ্তানী বিষয়ে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনের জন্য নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রাসমূহের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটি প্রয়োজন অনুসারে বৈঠকে মিলিত হইবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট-খ**

আইন শৃংখলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) কমিটির গঠন ঃ

**আহ্বায়ক**

(১) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(৫) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

(৬) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়

(৭) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৮) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৯) মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(১০) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(১১) মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়র

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব।

(২) মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতির পর্যালোচনা ও মূল্যায়ণ।

(২) যেই কারণে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটিতে পারে সেই কারণগুলি পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণ পূর্বক ভবিষ্যতে এইগুলি দূরীকরণকল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(৩) হরতাল ধর্মঘট ইত্যাদিসহ জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী ঘটনাবলী এবং এইগুলির ফলের জনজীবনে যে দুর্ভোগ ও অচল অবস্থার সৃষ্টি হয় তাহা পরিহারের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সীগুলির করণীয় ও গ্রহণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান।

(৪) উপরি উক্ত বিষয় সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান ।

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

**পরিশিষ্ট-গ**

বেতন নির্ধারণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ঃ

(ক) **কমিটি গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৫) মন্ত্রী/প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(৬) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী

(খ) কমিটির সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, অর্থ বিভাগ

(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষে অনিষ্পন্ন কেইসসমূহের পুনর্বিবেচনা;

(২) বেতন স্কেলের ব্যাতায় (...) দুরীকরণ/বেতন স্কেল পুনঃনির্ধারণ সংক্রান্ত কেইসসমূহ পরীক্ষা করা ; এবং

(৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি পরীক্ষা করা।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজন অনুসারে বৈঠক মিলিত হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ই এপ্রিল ২০০০/২৩শে চৈত্র ১৪০৬

নং মপবি/শাঃপঃ/কপগ-০১/২০০০/৪৭-হাওড় এলাকার উন্নয়নের জন্য হাওড় উন্নয়ন বোর্ড গঠনার্থে প্রস্তাবিত হাওড় উন্নয়ন বোর্ড আইন, ২০০০ প্রণয়ন সংক্রান্ত সংশ্লিষ্ট বিষয়সমূহ পরীক্ষা ও পর্যালোচনা করিয়া সুপারিশ প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ সচিব কমিটি গঠন করিয়াছে ঃ

কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) মন্ত্রিপরিষদ সচিব

সদস্যবৃন্দ

(২) সচিব, কৃষি মন্ত্রণালয়
(৩) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
(৪) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(৫) সচিব, স্থানীয় সরকার বিভাগ
(৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) কমিটি প্রয়োজনবোধে অন্য কাহাকেও সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(গ) কমিটি উহার প্রথম বৈঠক হইতে এক মাসের মধ্যে সুপারিশ প্রদান করিবে।

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সুপারিশসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভা বৈঠকে পেশ করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

পদোন্নতি শাখা

আদেশ

ঢাকা, ৪ঠা জুলাই ২০০০/২০শে আষাঢ় ১৪০৭

নং মপবি/শঃপঃ/কপগ-২/২০০০/৮৮-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় ভূমি ব্যবহার নীতির খসড়াটি পর্যালোচনা এবং মন্ত্রিসভা বৈঠকের আলোচনায় উত্থাপিত বিষয়সমূহসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরুপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে।

আহবায়ক

(১) মন্ত্রী,অর্থ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
(৩) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
(৪) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়
(৫) প্রতিমন্ত্রী, পল্লি উন্নয়ন ও সমবায় বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(৬) প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়
(৭) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

২। মন্ত্রিসভা কমিটি উহার কার্য সম্পাদনের প্রয়োজনে অন্য যে কোন মন্ত্রীর সহায়তা গ্রহণ করিতে পারিবে।

৩। ভূমি ব্যবহারের সহিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণকে কমিটিকে সহায়তা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো যাইবে ।

৪। দুই মাসের মধ্যে মন্ত্রিসভা উহার সুপারিশ প্রদান করিবে ।

৫। ভূমি মন্ত্রণালয় মন্ত্রিসভা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৬। ভূমি মন্ত্রণালয় মন্ত্রিসভা কমিটির সুপারিশ এবং সুপারিশের আলোকে সংশোধিত জাতীয় ভূমি ব্যবহার নীতির খসড়া মন্ত্রিসভার অনুমোদনের জন্য পেশ করিবে।

৭। ইহা অবিলম্বে কার্যকর হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭শে জুলাই ২০০০/১২ই শ্রাবণ ১৪০৭

নং মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৬/১০২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ৬-১০-১৯৯৭ইং তারিখের মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৬/২০৮ নম্বর প্রজ্ঞাপন মূলে পুনর্গঠিত "জ্বালানী ও খনিজ সম্পদ সংক্রান্ত জাতীয় পরিষদ" অকার্যকর পরিলক্ষিত হওয়ায় বাতিল করিয়াছে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ আগস্ট ২০০০/১লা ভাদ্র ১৪০৭

নং মপবি/শাঃপঃ/কপগ-৪/২০০০/১২৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন, ১৯৯৮ এর রিপোর্ট পরীক্ষান্তে রাষ্ট্রয়ত্ত শিল্প-কারখানায় শ্রমিকদের বেতন-ভাতা নির্ধারণসহ কমিশনের সুপারিশ বাস্তবায়ন পদ্ধতি নিরসনকল্পে সুপারিশ প্রদানের জন্য সচিব পর্যায়ে নিম্নোক্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করিয়াছে—

**কমিটির গঠনঃ**

আহ্বায়ক
(১) মন্ত্রিপরিষদ সচিব

সদস্যবৃন্দ
(২) সচিব, অর্থ বিভাগ
(৩) সচিব, শ্রমও কর্মসংস্থান মন্ত্রণালয়
(৪) সচিব, পাট মন্ত্রণালয়
(৫) সচিব, বস্ত্র মন্ত্রণালয়
(৬) সচিব, শিল্প মন্ত্রণালয়

২। কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোন সচিবকে এই কমিটিতে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৩। কমিটি উহার প্রথম বৈঠকের তারিখ হইতে এক মাসের মধ্যে সুপারিশ প্রদান করিবে।

৪। শ্রমও কর্মসংস্থান মন্ত্রণালয় কমিটির সুপারিশসহ বিষয়টি মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করিবে।

৫। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭শে আগস্ট ২০০০/১২ই ভাদ্র ১৪০৭

নং মপবি/শাঃপঃ/কপগ-৫/২০০০/১৩৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ কৌশল সংশোধনের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভার কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটি গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

২। পরিবেশ ও বন মন্ত্রণালয় মন্ত্রিসভা কমিটির সুপারিশসহ উহার আলোকে সংশোধিত জাতীয় প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ কৌশল মন্ত্রিসভার অনুমোদনের জন্য পেশ করিবে।

৩। পরিবেশ ও বন মন্ত্রণালয় মন্ত্রিসভা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ই সেপ্টেম্বর, ২০০০/২২শে ভাদ্র, ১৪০৭

মপবি/শাঃপঃ/কপগ-৬/২০০০/১৩৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্পিত সম্পত্তি প্রত্যর্পন আইন, ২০০০ (খসড়া) যথাসম্ভব ত্রুটিমুক্ত ও কার্যকর করিবার লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

আহ্বায়ক

(১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৩) প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(৪) প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

(৬) প্রতিমন্ত্রী, বস্ত্র মন্ত্রণালয়

২। মন্ত্রিসভা কমিটি যথাশীঘ্র সম্ভব উহার সুপারিশ প্রদান করিবে।

৩। ভূমি মন্ত্রণালয় মন্ত্রিসভা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির সুপারিশসহ খসড়া আইনটি পুনরায় মন্ত্রিসভার বিবেচনার জন্য পেশ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৫ জানুয়ারী ১৯৯৯/২২ পৌষ ১৪০৫

নং **মপবি/শাঃপঃ/কপগ-১/৯৯-২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "পল্লী বিত্তহীন কর্মসূচী"কে বি আর ডি বি হইতে পৃথক করিয়া স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠনের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক
(১) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

সদস্যবৃন্দ
(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান)
(৫) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(৬) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**
কমিটি ১৪ দিনের মধ্যে উহার সুপারিশ প্রণয়ন করিয়া সুপারিশসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করিবে।

২। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩ ফেব্রুয়ারী ১৯৯৯/২১শে মাঘ ১৪০৫

নং **মপবি/শাঃপঃ/কপগ-২/৯৯/১৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ন্যাশনাল প্লান অব এ্যাকশন ফর চিলড্রেন (১৯৯৭—২০০২) এর খসড়া সংশোধনের জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

আহ্বায়ক
(১) সদস্য (আর্থ-সামাজিক অবকাঠামো), পরিকল্পনা কমিশন

সদস্যবৃন্দ
(২) সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ
(৪) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(৫) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
(৬) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট অন্য কাহাকেও কো-অপ্ট করিতে পারিবে।

৩। এক মাসের মধ্যে কমিটি উহার কাজ সম্পন্ন করিবে।

৪। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটি কর্তৃক সংশোধিত খসড়া মন্ত্রিসভায় অনুমোদনের জন্য পেশ করিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ই মার্চ ১৯৯৯/২৩শে ফাল্গুন ১৪০৫

নং **মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৩২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-০৭-৯৬ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/মসকগ/৯৬/৩৫ নম্বর প্রজ্ঞাপনের পরিশিষ্ট-'চ' মূলে গঠিত "জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি" এর গঠন পরিবর্ধনপূর্বক সৈয়দা সাজেদা চৌধুরী, মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং জনাব আ, খ, ম, জাহাংগীর হোসাইন, প্রতিমন্ত্রী, বস্ত্র মন্ত্রণালয়-কে উক্ত কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল মুক্তাদির চৌধুরী**
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ শে মার্চ ১৯৯৯

নং **মপবি/শাঃপঃ/কপগ-৩/৯৯/৪৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধা, শহীদ মুকিযোদ্ধা ও সংশ্লিষ্ট অন্যান্য শব্দাবলীর সুস্পষ্ট সংজ্ঞা নির্ধারণ এবং কোন কোন সনদপত্র সরকারী কাজে মুক্তিযোদ্ধার প্রমাণপত্র হিসাবে গ্রহণ করা হইবে এই বিষয়ে সুপারিশ প্রদান করিবার জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) মন্ত্রিপরিষদ সচিব

**সদস্যবৃন্দ**

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৪) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

(৬) চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল।

২। কমিটি এক মাসের মধ্যে উহার সুপারিশ প্রদান করিবে এবং সংস্থাপন মন্ত্রণালয় উহা অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর নিকট পেশ করিবে।

৩। সংস্থাপন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ এপ্রিল ১৯৯৯/২৩শে চৈত্র ১৪০৫

নং **মপবি/শাঃপঃ/কপগ-৪/৯৯/৫০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্ণফুলী ফার্টিলাইজার কোং লিঃ (কাফকো) সংক্রান্ত বর্তমান ও আনুষঙ্গিক সমস্যাবলী পর্যালোচনান্তে এইগুলির সমাধানকল্পে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করতঃ যথাশীঘ্র সরকারের নিকট উপস্থাপনের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি বিশেষ মন্ত্রিসভা গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়

ইহা ছাড়া নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বিকল্প সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হইয়াছে ঃ—

(১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(৩) সচিব, অর্থ বিভাগ
(৪) সচিব, কৃষি মন্ত্রণালয়
(৫) সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
(৬) সচিব, শিল্প মন্ত্রণালয়

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

কাফকো সংক্রান্ত বর্তমান ও আনুষংগিক সমস্যাবলী পর্যালোচনাপূর্বক এইগুলির সমাধানকল্পে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করতঃ যথাশীঘ্র সরকারের নিকট উপস্থাপন করিবে।

২। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী সামসুল আলম**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২শে এপ্রিল ১৯৯৯/৯ই বৈশাখ ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ-২/৯৯/৬১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় মানবাধিকার কমিশন সংক্রান্ত খসড়া আইন সম্পর্কে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়।

(৩) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়।

(৪) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(৫) প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

(৬) প্রতিমন্ত্রী, বস্ত্র মন্ত্রণালয়।

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) মানবাধিকার কমিশন সংক্রান্ত অন্যান্য দেশের আইন ও দেশের বিদ্যমান বাস্তবতা পর্যালোচনা করিয়া খসড়া আইন সম্পর্কে সুপারিশ প্রদান;

(২) সরকার মানবাধিকার কমিশন গঠনের প্রস্তাব উপস্থাপিত খসড়ার ধারাগুলি ঠিক আছে কিনা তাহা পর্যালোচনা করা;

(৩) কমিশন কর্তৃক সকল শুনানী উন্মুক্ত হইবে এইরূপ বিধান করা প্রয়োজন আছে কিনা তাহা পরীক্ষা করা।

২। মন্ত্রিসভা কমিটি প্রয়োজনবোধে অন্য কোন মন্ত্রীকে উহার বৈঠকে অংশগ্রহণের জন্য বৈঠকে আমন্ত্রণ করিতে পারিবে।

৩। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির সুপারিশসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভা বৈঠকে পেশ করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯শে মে ১৯৯৯/৫ই জ্যৈষ্ঠ ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৮/৭৯**—মন্ত্রিপরিষদ বিভাগের ২৮শে জুলাই, ১৯৯৮ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৮/৭৫ সংখ্যক প্রজ্ঞাপন এবং ৬ই মে, ১৯৯৯ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৮-৭২ সংখ্যক প্রজ্ঞাপন আংশিক সংশোধন করিয়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণ ও ইংরেজী ভাষা শিক্ষা কোর্সের কার্যকারিতা যাচাইয়ের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) জনাব কাজী সামসুল আলম, মন্ত্রিপরিষদ সচিব

**সদস্যবৃন্দ**

(২) জনাব কাজী রকিব উদ্দীন আহমদ, সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৩) জনাব এ, কে, এম, এহসানুল হক, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৪) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

যেইসব প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কম্পিউটার প্রশিক্ষণ ও ইংরেজী ভাষা শিক্ষা কোর্স চালু করা হইয়াছে সেইসব কোর্সের কার্যকারিতা মূল্যায়ন করিয়া কমিটি একটি প্রতিবেদন জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটিতে উপস্থাপন করিবে।

২। সংস্থাপন মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলওয়ার হোসেন
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ই মে ১৯৯৯/২৩শে বৈশাখ ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৮/৭২**—মন্ত্রিপরিষদ বিভাগের ২৮শে জুলাই, ১৯৯৮ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৮/৭৫ সংখ্যক প্রজ্ঞাপন আংশিক সংশোধন করিয়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণ ও ইংরেজী ভাষা শিক্ষা কোর্সের কার্যকারিতা যাচাইয়ের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) জনাব কাজী সামসুল আলম, মন্ত্রিপরিষদ সচিব

**সদস্যবৃন্দ**

(২) জনাব কাজী রকিব উদ্দীন আহমদ, সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৩) জনাব এ, কে, এম, এহসানুল হক, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৪) অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

যেইসব প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কম্পিউটার প্রশিক্ষণ ও ইংরেজী ভাষা শিক্ষা কোর্স চালু করা হইয়াছে সেইসব কোর্সের কার্যকারিতা মূল্যায়ন করিয়া কমিটি ১(এক) মাসের মধ্যে একটি প্রতিবেদন সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ই জুলাই ১৯৯৯/৩১শে আষাঢ় ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৯/১১৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সচিবালয়ে পত্র গ্রহণ ব্যবস্থা সংক্রান্ত জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশমালা বাস্তবায়নের জন্য নিম্নরূপ একটি টাস্কফোর্স গঠন করিয়াছে ঃ

**(ক) টাস্কফোর্সের গঠন ঃ**

**আহ্বায়ক**

(১) যুগ্ম-সচিব (প্রশাসন অধিশাখা) মন্ত্রিপরিষদ বিভাগ

সদস্যবৃন্দ

(২) যুগ্ম-সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৩) যুগ্ম-সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) যুগ্ম-সচিব, অর্থ বিভাগ

(৫) যুগ্ম-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(খ) টাস্কফোর্সের কার্যপরিধি ঃ

(১) প্রতিটি মন্ত্রণালয়ের কাজের অগ্রগতি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা;

(২) প্রতি ৬(ছয়) মাস অন্তর উক্ত টাস্কফোর্স বৈঠকে মিলিত হইবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ (প্রশাসন অধিশাখা) এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ই জুলাই ১৯৯৯/৩রা শ্রাবণ ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-৫/৯৯/১১৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বন অধিদপ্তরের প্রশাসনিক সংস্কার বাস্তবায়নে উদ্ভূত সমস্যাদি নিরসনের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) কমিটির গঠন ঃ

আহ্বায়ক

(১) মন্ত্রিপরিষদ সচিব

সদস্যবৃন্দ

(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৩) সচিব/অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়

(৪) সচিব/অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৬) প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর

সদস্য-সচিব

(৭) উপ-সচিব (প্রশাসন), পরিবেশ ও বন মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধি ঃ

কমিটি বন অধিদপ্তরের প্রশাসনিক সংস্কার বাস্তবায়নে উদ্ভূত সমস্যাদি নিরসনকল্পে একটি সুপারিশ সরকারের নিকট পেশ করিবে।

২। পরিবেশ ও বন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলওয়ার হোসেন
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ই আগষ্ট ১৯৯৯/২৭শে শ্রাবণ ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৩/৯৯/১৩২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিকল্পিত উপায়ে বস্তি অপসারণ ও বস্তিবাসীদের পুনর্বাসন কার্যক্রম পরিচালনার জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করেছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

**সভাপতি**

(১) মন্ত্রী,স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

(৩) প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৪) প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৬) মন্ত্রিপরিষধদ সচিব

**সদস্যবৃন্দ**

(৭) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৮) সচিব, যোগাযোগ মন্ত্রণালয়

(৯) সচিব, ভূমি মন্ত্রণালয়

(১০) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(১১) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(১২) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(১৩) সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) অপসারণের পূর্বে বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ;

(২) বস্তি গড়ে উঠা স্থানে প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুরোধ বিবেচনা করে পরিকল্পিত উপায়ে বস্তি অপসারণের পরিকল্পনা গ্রহণ;

(৩) আইন-শৃঙ্খলা রক্ষা ও অসামাজিক কার্যক্রম বন্ধে বস্তি অপসারণের প্রয়োজনীয়তা প্রতিক্রিয়া ও মানবিক বিষয়াবলী পর্যালোচনা করে পদক্ষেপ গ্রহণ;

(৪) প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে প্রদত্ত অর্থের যথাযথ হিসাব সংরক্ষণ ও নিরীক্ষার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ।

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ই আগষ্ট ১৯৯৯/৩রা ভাদ্র ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬/১৩৭**—মন্ত্রিপরিষদ বিভাগের ৮ই অক্টোবর, ১৯৯৬ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৭/৬৪ সংখ্যক প্রজ্ঞাপন এবং ২০শে ফেব্রুয়ারী , ১৯৯৭ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/কপগ-৭/৯৬/৪১ সংখ্যক প্রজ্ঞাপন আংশিক সংশোধন করিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সোহরাওয়ার্দী উদ্যানে "স্বাধীনতা স্তম্ভ" নির্মাণ সংক্রান্ত বিষয়ে নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করিয়াছে ঃ

**(ক) কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব।

সদস্যবৃন্দ

(২) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন

(৩) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৫) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৬) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(৭) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(৮) প্রধান স্থপতি, স্থাপত্য বিভাগ

(৯) স্থপতি মাজহারুল ইসলাম

(১০) শিল্পী হাসেম খান

(১১) স্থপতি রবিউল হুসাইন

(১২) বিভাগীয় প্রধান, স্থপতি বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) কমিটি সোহরাওয়ার্দী উদ্যানে "স্বাধীনতা স্তম্ভ" নির্মাণের জন্য নকশা আহবান করিবে এবং প্রাপ্ত নকশাসমূহ বাছাই করিয়া সরকারের নিকট সুপারিশ প্রদান করিবে;

(২) এই কমিটি ধানমন্ডি আবাসিক এলাকার ৩২ নম্বর সড়কে স্থাপিত বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরের সম্মুখে ধানমন্ডি লেকের পাড়ে "বঙ্গবন্ধু স্মৃতি স্তম্ভ" নির্মাণের ব্যাপারেও একই কার্যক্রম গ্রহণ করিবে।

২। এই কমিটি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য মুখ্য সচিব মহোদয়ের অফিস/দপ্তরে দুই মাস অন্তর পর্যালোচনায় মিলিত হইবে।

৩। উক্ত কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরের এই কমিটি সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে আগস্ট ১৯৯৯/১১ই ভাদ্র ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-২৬/৯৭/১৪২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৭ই ডিসেম্বর, ১৯৯৭ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-২৬/৯৭/২৪১ সংখ্যক প্রজ্ঞাপন মূলে লবণের উৎপাদন, মান উন্নয়ন ও আমদানী সম্পর্কিত সমস্যাবলী নিরসনের উদ্দেশ্যে গঠিত "লবণ বিষয়ক স্টীয়ারিং কমিটি" বাতিল করিয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে সেপ্টেম্বর ১৯৯৯/১১ই আশ্বিন ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৩/৯৯/১৬২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১১ আগস্ট, ১৯৯৯ তারিখে জারীকৃত মপবি/শাঃপঃ/মসকগ-৩/৯৯/১৩২ সংখ্যক প্রজ্ঞাপন গঠিত বস্তি অপসারণ ও বস্তিবাসীদের পুনর্বাসন সংক্রান্ত কমিটি আংশিক সংশোধন করিয়া নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে সদস্য হিসাবে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করিয়াছে ঃ—

(১) মহাপরিচালক, এন,জি,ও বিষয়ক ব্যুরো, রমনা, ঢাকা।

(২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।

২। প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭শে সেপ্টেম্বর ১৯৯৯/১২ই আশ্বিন ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/১৬৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১১-০৩-১৯৯৮ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/৩৩ সংখ্যক প্রজ্ঞাপন মূলে গঠিত "বয়স্ক ভাতা" প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র-১(খ) উপানুচ্ছেদে বর্ণিত "কমিটির কার্যপরিধি" নিম্নোক্তভাবে সংশোধন করিয়া কমিটিকে প্রদত্ত অর্পিত দায়িত্ব অন্তর্ভুক্ত করিয়াছে ঃ

**(খ) কমিটির কার্যপরিধি ঃ**

বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বৎসরের এই সংক্রান্ত বাজেট প্রণয়ন করা।

২। প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

ঢাকা, ৭ই সেপ্টেম্বর ১৯৯৯/২৩শে ভাদ্র ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/কপগ-১১/৯৮/১৪৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার খুলনা শীপইয়ার্ডের ন্যায় বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরীর মালিকানা, ব্যবস্থাপনা হোল্ডিং অফশেয়ার সংস্থার দায়দেনা ইত্যাদি সম্পর্কিত আইনগত বিষয়গুলি পরীক্ষা-নিরীক্ষা করিয়া প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিকট হস্তান্তরের প্রক্রিয়া/প্রণালী (মোডালিটি) নির্ধারণ করিবার জন্য নিম্নরূপভাবে একটি সচিব কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

আহ্বায়ক

(১) সচিব, অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

(৩) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(৪) সচিব, শিল্প মন্ত্রণালয়।

২। শিল্প মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ই অক্টোবর ১৯৯৯/২১শে আশ্বিন ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৯/১৭৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় কৃষি নীতির অভীষ্ট লক্ষ্য অর্জনের জন্য নিম্নরূপভাবে জাতীয় পর্যায়ে কৃষি ঋণ প্রদান বিষয়ক একটি মনিটরিং ও মূল্যায়ন কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**সভাপতি**

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

**বিকল্প সভাপতি**

(২) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(৩) সচিব, অর্থ বিভাগ।

(৪) সচিব, কৃষি মন্ত্রণালয়।

(৫) সদস্য, (কৃষি), পরিকল্পনা কমিশন।

(৬) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক।

(৭) ব্যবস্থপনা পরিচালক, সরকারী খাতের সকল অর্থলগ্নী প্রতিষ্ঠান।

(৮) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

(৯) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

(১০) বেসরকারী প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি।

(১১) সরকার কর্তৃক মনোনীত কৃষক সংগঠনের একজন প্রতিনিধি।

(১২) সরকার কর্তৃক মনোনীত কৃষিবিদ সংগঠনের একজন প্রতিনিধি।

(১৩) কৃষি উন্নয়ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত তিনজন এনজিও প্রতিনিধি।

(১৪) সরকার কর্তৃক মনোনীত একজন মহিলা প্রতিনিধি।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় পর্যায়ে কৃষি ঋণ পরিস্থিতি নিয়মিত মনিটরিং ও মূল্যায়ন ও করা;

(২) সার্বিকভাবে প্রাতিষ্ঠানিক কৃষি ঋণ বিতরণ ব্যবস্থার সঠিক বাস্তবায়নের জন্য দিক নির্দেশনা প্রদান করা; এবং

(৩) কৃষি ঋণ পরিস্থিতির সার্বিক পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ পেশ করা ।

২। অর্থ বিভাগ এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**পদোন্নতি শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৫ ডিসেম্বর ১৯৯৯/২১শে অগ্রহায়ণ ১৪০৬

নং **মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৯/২১০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় কৃষি উন্নয়নে নিয়োজিত সরকারী, বেসরকারী ও এনজিও প্রতিষ্ঠানগুলির উন্নয়ন কার্যক্রম সুসংগঠিত মনিটরিং ব্যবস্থার আওতার আনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থার কার্যক্রমের মধ্যে সমম্বয় সাধনের জন্য জাতীয় পর্যায়ে নিম্নরূপভাবে একটি কৃষি কমিটি গঠন করিয়াছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

**সভাপতি**

(১) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) সচিব, কৃষি মন্ত্রণালয়
(৩) সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন
(৪) সচিব, মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়
(৫) সচিব, খাদ্য মন্ত্রণালয়
(৬) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
(৭) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
(৮) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(৯) সচিব, ভূমি মন্ত্রণালয়
(১০) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(১১) সচিব, স্থানীয় সরকার বিভাগ
(১২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(১৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
(১৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
(১৫) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
(১৬) মাহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
(১৭) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
(১৮) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
(১৯) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
(২০) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
(২১) পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
(২২) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস
(২৩) পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর
(২৪) সভাপতি, এডাপ
(২৫) বেসরকারী প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি
(২৬) কৃষক সংগঠনের একজন প্রতিনিধি
(২৭) কৃষিবিদ সংগঠনের একজন প্রতিনিধি
(২৮) সরকার কর্তৃক মনোনীত একজন মহিলা প্রতিনিধি

**সদস্য-সচিব**

(২৯) অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় পর্যায়ে কৃষি উন্নয়নমূলক কার্যক্রমের সার্বিক সমন্বয়ের লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করা;

(২) কৃষি উন্নয়নে নিয়োজিত সরকারী, বেসরকারী ও এনজিও প্রতিষ্ঠানগুলির উন্নয়ন কার্যক্রম সুসংগঠিত মনিটরিং ব্যবস্থার আওতায় আনার বিষয়ে সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ করা; এবং

(৩) জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায় পর্যন্ত কৃষি উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন করা ।

২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলওয়ার হোসেন**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

পদোন্নতি শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ই জানুয়ারী ১৯৯৮/১লা মাঘ ১৪০৪

**নং মপবি/শাঃপঃ/মসকগ-১/৯৮-২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "চিকিৎসা ও দন্ত চিকিৎসা পেশা এবং বেসরকারী ক্লিনিক ও ল্যাবরেটরী (নিয়ন্ত্রণ) আইন, ১৯৯৭" অনুমোদন এবং "দি মেডিকেল প্রাক্টিস এন্ড প্রাইভেট ক্লিনিকস এন্ড ল্যাবরেটরীজ (রেগুলেশন) অর্ডিন্যান্স, ১৯৮২" বাতিলকরণ বিষয়ে চিকিৎসক সংগঠনসমূহের সহিত আলোচনা এবং উহার সামাজিক ও রাজনৈতিক ফলাফল পর্যালোচনা করিয়া সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ মন্ত্রিসভা কমিটি গঠন করিয়াছেন ঃ

কমিটির গঠন ঃ—

আহ্বায়ক

(১) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

(৩) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়

(৪) প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২। কমিটি যথাশিঘ্র উহার সুপারিশ প্রণয়ন করিবে।

৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং কমিটির প্রতিবেদনসহ বিষয়টি পুনরায় মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**খায়রুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

পদোন্নতি শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা ফেব্রুয়ারী, ১৯৯৮/১৯ শে মাঘ ১৪০৪

**নং মপবি/শাঃপঃ/কপগ-২২/৯৭/৮**—বিভিন্ন গার্মেন্টস শিল্পে বিবিধ দুর্ঘটনা রোধকল্পে এবং দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকগণকে পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ই আগষ্ট, ১৯৯৭/২রা ভাদ্র, ১৪০৪ তারিখের মপবি/শাঃপঃ/কপগ-২২/৯৭/১৮৫ নম্বর প্রজ্ঞাপন দ্বারা গঠিত কমিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ পুর্নগঠন করিয়াছে ঃ

কমিটির গঠন ঃ—

আহ্বায়ক

(১) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়

(৪) মন্ত্রী, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

(৫) প্রতিমন্ত্রী, বস্ত্র মন্ত্রণালয়

২। কমিটির অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকিবে।

খায়রুজ্জামান চৌধুরী
যুগ্ম--সচিব।